



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	স্মৃতি কর্মকার ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৮ নভেম্বর ২০২৩
সভার সময়	বেলা ৩:৩০ টা
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সম্মেলন কক্ষ)
উপস্থিতি	'পরিশিষ্ট'

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় সরকারি জামিলা আইনুল আনন্দ বিদ্যালয় ও কলেজ (০২ জন শিক্ষক প্রতিনিধি ও ০১ জন অভিভাবক), ইসলামাবাগ আইডিয়াল কলেজ (০১ জন শিক্ষক প্রতিনিধি, ০২ জন শিক্ষার্থী), জরিনা সিকদার গার্লস হাইস্কুল এন্ড কলেজ (০২ জন শিক্ষক প্রতিনিধি ও ০১ জন অভিভাবক), বশির উদ্দিন আদর্শ স্কুল এন্ড কলেজ (০২ জন শিক্ষক প্রতিনিধি ও ০১ জন অভিভাবক), আল-আমীন ইসলামিয়া আলিম মাদরাসা (০১ জন শিক্ষক প্রতিনিধি ও ০২ জন শিক্ষার্থী) থেকে মোট ০৮ জন শিক্ষক, ০৪ জন শিক্ষার্থী ও ০৩ জন অভিভাবক এবং ০২ জন থানা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ (কোতোয়ালি ও শাহ আলী) মোট ১৭ জন অংশীজন হিসেবে উপস্থিত ছিলেন।

সভাপতি সভায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, অভিভাবক, শিক্ষার্থী, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সাংবাদিক প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বিভিন্ন আর্থিক সহায়তা সম্পর্কে তাদের অভিজ্ঞতা, সমস্যা ও সুপারিশ উন্মুক্তভাবে তুলে ধরার আহ্বান জানান। পাশাপাশি সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধিগণকে প্রকৃত দরিদ্র শিক্ষার্থীদের নিকট ট্রাস্টের উপবৃত্তি ও আর্থিক সহায়তা কার্যক্রমের তথ্য ব্যাপক প্রচারের অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ উপস্থাপন করেন।

প্রতিষ্ঠানপ্রধান এবং স্কুলের ম্যানেজিং কমিটিকে প্রকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী ব্যতীত কোনো সচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি ও আর্থিক সহায়তার আবেদনে সুপারিশ না করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান যে, জানুয়ারি থেকে জুন ২০২৩ এর ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বেশকিছু শিক্ষার্থী রয়েছে যারা উপবৃত্তির তালিকায় অন্তর্ভুক্ত কিন্তু উপবৃত্তি পায়নি। এসকল শিক্ষার্থীর তথ্য সংগ্রহ করার বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্ত:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	আটটি বিভাগীয় শহরে জানুয়ারি থেকে জুন ২০২৩ এর ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে সকল শিক্ষার্থী উপবৃত্তির তালিকায় অন্তর্ভুক্ত আছে কিন্তু উপবৃত্তি পায়নি তাদের তথ্য আনতে হবে।	স্কিম পরিচালক (যুগ্ম সচিব) সমন্বিত উপবৃত্তি কর্মসূচি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪.০ সভায় আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা সম্পন্ন হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৮-১২-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

তারিখ: ৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.১২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক , পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ২। স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৩। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পারফরমেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ৪। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৫। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৬। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো);
- ৮। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১০। ডাটা এন্ট্রি অপারেটর (চলতি দায়িত্ব), উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১১। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১২। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১৪। হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ১৭। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং
- ১৮। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।



Rajahan

১৮-১২-২০২৩
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক